গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# অধ্যক্ষের কার্যালয়
# জাহাঙ্গীরপুর সরকারি কলেজ

মহাদেবপুর, নওগাঁ।

EIIN- 123407 রাজশাহী শিক্ষা বোর্ড কোড- ২৬২৫ জাতীয় বিশ্ববিদ্যালয় কোড- ২৪০৯ মাউশি কোড- ০১৫১ মোবাইলঃ ০১৩০৯-১২৩৪০৭
E-mail: jgovtcoll@gmail.com Web Site: jgcbd.net ফেইস বুক: জাহাঙ্গীরপুর সরকারি কলেজ, নওগাঁ/01797182262

বিজ্ঞপ্তি নং- জাসক/২০২২/ ০৯-০১ তারিখঃ ১১/০৯/২০২২ খ্রি.

## ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র কলেজের ১ম বর্ষ স্নাতক পাস শ্রেণিতে অধ্যয়নরত (নতুন ও পুরাতন) শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণ কার্যক্রম জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা মোতাবেক ১১/০৯/২০২২খ্রিঃ তারিখ হতে ১১/১০/২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত চলবে। পরীক্ষায় অংশগ্রহনেচ্ছু শিক্ষার্থীদের জাতীয় বিশ্বাবিদ্যালয়ের ডিগ্রী (পাস) শ্রেণির ফরম পূরণ লিঙ্ক (www.nubd.info/degree-pass) এ প্রবেশ করে ফরম পূরণপূর্বক হার্ডকপি ডাউনলোড করে কলেজ কপি আগামী ১৩/১০/২০২২খ্রি. তারিখের মধ্যে কলেজ অফিসে জমা দেওয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

ফরম পূরণের টাকা শুধুমাত্র ডাচ্ বাংলা ব্যাংকের মোবাইল ব্যাংকিং (রকেট) এর মাধ্যমে জাহাঙ্গীরপুর সরকারি কলেজের একাউন্ট (3071) এ জমা দিতে হবে। হাতে হাতে কোন টাকা গ্রহণ করা হবে না। প্রয়োজনীয় তথ্যের জন্য যোগাযোগ ঃ ০১৭১৬৭২৭৩৩৯/০১৭৩৫৮৫১২৫৩

## ফিসের হিসাব ঃ

| | | | |
|---|---|---|---|
| নিয়মিত (২০২০-২০২১ শিক্ষাবর্ষ) পরীক্ষার্থীদের জন্য | জাতীয় বিশ্ববিদ্যালয় | পরীক্ষার ফি-৭০০.০০ + ইনকোর্স ফি (ভর্তির সময় প্রদানকৃত) | ৭০০.০০ |
| | কলেজের ফি | কেন্দ্র ফি | ৪৫০.০০ |
| | | ফরমপূরণের ব্যবস্থাপনা ফি | ৫০.০০ |
| | | অনলাইন ফি | ৫০.০০ |
| | | মোট = | ১২৫০.০০ |

| | | |
|---|---|---|
| মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য ঃ ২য় বর্ষে উন্নীত কিন্তু এক/একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত অথবা ১ম বার C ও D প্রাপ্তদের ক্ষেত্রে সর্বোচ্চ দুটি কোর্স | মানোন্নয়ন ফি- ৩০০.০০ + কেন্দ্র ফি- ৪৫০.০০ + ফরমপূরণের ব্যবস্থাপনা ফি- ৫০.০০+ অনলাইন ফি- ৫০.০০ + পত্র সংখ্যা x ১০০.০০ | মোট = ৮৫০.০০+ পত্র সংখ্যা×১০০.০০ |

| | | |
|---|---|---|
| অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ১ম বর্ষের কোন পরীক্ষায় অংশ গ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে (১ম বর্ষে পুনঃ ভর্তি সাপেক্ষে) | অনিয়মিত পরীক্ষার্থী ফি- ৩০০.০০ + ইনকোর্স ফি (জাবি অংশ)- ১০০.০০ + কেন্দ্র ফি- ৪৫০.০০ + ফরমপূরণের ব্যবস্থাপনা ফি- ৫০.০০ + অনলাইন ফি- ৫০.০০ + পত্র সংখ্যা x ১০০.০০ | মোট = ৯৫০.০০ + পত্র সংখ্যা×১০০ |
| | পুণঃভর্তি ফিঃ ভর্তি ও বেতন- ২৫.০০×১২=৩০০.০০ + নির্বাচনী পরীক্ষা- ৫০.০০×৭=৩৫০.০০ + ইনকোর্স পরীক্ষা-২০০.০০ + বেসরকারি তহবিল-৮০৭.০০ + কলেজের আদায়-৬৫০.০০ | মোট ভর্তি ফি = ২৩০৭.০০ |

### ফরম পূরণের জন্য প্রয়োজনীয় কাগজপত্র

নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য ঃ

| | | |
|---|---|---|
| ০১. | পূরণকৃত ফরমের হার্ডকপি (কলেজ কপি) | ০১ কপি |
| ০২. | রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি | ০১ কপি |
| ০৩. | রকেট এর মাধ্যমে টাকা জমাদানের রশিদ (মূলকপি) | ০১ কপি |
| ০৪. | সদ্য তোলা পার্সপোর্ট সাইজ ছবি | ০২ কপি |

মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য ঃ

| | | |
|---|---|---|
| ০১. | পূরণকৃত ফরমের হার্ডকপি (কলেজ অংশ) | ০১ কপি |
| ০২. | পূর্বের পরীক্ষার মূল প্রবেশপত্র ও মূল নম্বর পত্র | ০১ কপি করে |
| ০৩. | রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি | ০১ কপি |
| ০৪ | রকেট এর মাধ্যমে টাকা জমাদানের রশিদ (মূলকপি) | ০১ কপি |
| ০৫. | সদ্য তোলা পার্সপোর্ট সাইজ ছবি | ০২ কপি |

১১.৯.2022

অধ্যক্ষ
জাহাঙ্গীরপুর সরকারি কলেজ
মহাদেবপুর, নওগাঁ।

মোঃ সাইফুর রহমান চৌধুরী (০১৪১৫৩)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
জাহাঙ্গীরপুর সরকারি কলেজ
মহাদেবপুর, নওগাঁ।

১১/৯/2022

(ড. হাসানুজ্জামান মাহমুদ)
সহকারী অধ্যাপক, ইসলামের ইতিহাস ও আহবায়ক
১ম বর্ষ ডিগ্রী (পাস) ফরম পূরণ ও পরীক্ষা কমিটি ২০২১
জাহাঙ্গীরপুর সরকারি কলেজ
মহাদেবপুর, নওগাঁ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
জাহাঙ্গীরপুর সরকারি কলেজ
মহাদেবপুর, নওগাঁ।
EIIN- 123407 রাজশাহী শিক্ষা বোর্ড কোড- ২৬২৫ জাতীয় বিশ্ববিদ্যালয় কোড- ২৪০৯ মাউশি কোড- ০১৫১ মোবাইলঃ ০১৩০৯-১২৩৪০৭
E-mail: jgovtcoll@gmail.com Web Site: jgcbd.net ফেইস বুক: জাহাঙ্গীরপুর সরকারি কলেজ, নওগাঁ/01797182262

তারিখ ঃ ১১/০৯/২০২২খ্রি.

## ২০২০-২০২১ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির শিক্ষার্থীদের ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং "রকেট" এর মাধ্যমে ফি পরিশোধের ক্ষেত্রে শিক্ষার্থীর Bill Number তৈরী করা এবং ফি পরিশোধ এর নিয়মাবলিঃ

### (জাহাঙ্গীরপুর সরকারি কলেজের Biller ID- 3071)

**আবেদনকারীর Bill No তৈরির নিয়মাবলি:**

| Session | Year | Group | | Class Roll (6 Digit) | শিক্ষার্থর পূর্ণাঙ্গ Bill No এর উদাহরণ |
|---|---|---|---|---|---|
| 2020-2021 এর জন্য 2021 | Degree 1st Year এর জন্য 03 | 01 | B.A | ৬ সংখ্যার Class Roll নম্বর (যেমন-201001) | 20210401201001 |
| | | 02 | B.S.S | ৬ সংখ্যার Class Roll নম্বর (যেমন-201301) | 20210402201301 |
| বি.দ্র.: মোবাইলে সকল অক্ষর ইংরেজিতে লিখতে হবে। | | | | | |

**শিক্ষার্থীর পূর্ণাঙ্গ Bill No এর ব্যাখ্যাঃ**

| 2021 | 03 | 01/02 | 201001/201301 |
|---|---|---|---|
| সেশন (2020-2021) | শুধুমাত্র ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির জন্য | গ্রুপ (বি.এ- 01 এবং বি.এস.এস- 02) | ৬ সংখ্যার ক্লাস রোল |

## ॥ কলেজের ফি পরিশোধের নিয়মাবলি ॥

মোবাইলে *322# লিখে যে সিমে DBBL Rocket একাউন্ট খোলা আছে সেই সিম থেকে ডায়াল করতে হবে। এরপর 1 লিখে Send করতে হবে। এরপর শিক্ষার্থী নিজ মোবাইল নম্বর থেকে টাকা প্রদান করলে 1 এবং অন্য কারো মোবাইল নম্বর থেকে টাকা প্রদান করলে 2 লিখে Send করতে হবে (2 নির্বাচন করলে যে মোবইল নম্বরে Confirmation ম্যাসেজ পেতে ইচ্ছুক সেই Mobile Number দিতে হবে)। এরপর 0 লিখে Send করতে হবে। তারপর Enter Biller ID এর ঘরে 3071 (শুধুমাত্র জাহাঙ্গীরপুর সরকারি কলেজের জন্য) লিখে Send করতে হবে। এরপর Enter Biller No. এর ঘরে উপরের নিয়মে বিল নং (যেমন- 20210301201001) তৈরি করে তা লিখে Send করতে হবে। এরপর Enter Amount এর ঘরে নির্ধারিত ফি (যার জন্য যেটা প্রযোজ্য) লিখে Send করতে হবে। এরপর Rocket একাউন্টের পিন নম্বরটি লিখে Send করতে হবে। এই প্রক্রিয়া সম্পন্ন করার কিছুক্ষণ পরে DBBL Rocket থেকে একটি Txn ID নম্বরসহ টাকা পরিশোধের Confirmation ম্যাসেজ আসলে Txn ID নম্বরটি সংরক্ষণ করতে হবে। এই Txn ID নম্বর ব্যবহার করে কলেজ ওয়েব সাইট (www.jgcbd.net) এর ডিবিবিএল ভেরিফিকেশন মেনুর শিক্ষার্থীর পেমেন্ট সাবমেনু থেকে টাকা সঠিকভাবে পরিশোধ হয়েছে কিনা তা নিশ্চিত হওয়া যাবে।

১১.৯.2022

অধ্যক্ষ
জাহাঙ্গীরপুর সরকারি কলেজ
মহাদেবপুর, নওগাঁ।

মোঃ সাইফুর রহমান চৌধুরী (০১৪১৫৩)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
জাহাঙ্গীরপুর সরকারি কলেজ
মহাদেবপুর, নওগাঁ।

# জাতীয় বিশ্ববিদ্যালয়
## পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
গাজীপুর

স্মারক নং ০৫(৫২৮) জাতীঃ বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২১/৪৬৩৩ তারিখ : ০৭/০৯/২০২২

*(সঠিক নিয়মে মাস্ক পরি, স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করি)*

## ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণ নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী Online-এ সম্পন্ন করা হবে। পরীক্ষার তারিখ ও বিস্তারিত সময়সূচি যথাসময়ে ঘোষণা করা হবে। উল্লিখিত পরীক্ষার আবেদন ফরম, বিবরণী ফরম, আনুষঙ্গিক কাগজপত্র পূরণ ও জমাদানের তারিখ এবং ফরম পূরণের বিস্তারিত নিয়মাবলী নিম্নে দেয়া হলো ঃ

১। **সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকা, বিষয় সংকেত বিবরণী, প্রশ্নপত্রের চাহিদা ফরম ও ডাটা এন্ট্রি সফটওয়ার সংগ্রহ ঃ**

সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকা, বিষয় সংকেত বিবরণী ফরম, প্রশ্নপত্রের চাহিদা ফরম, ডাটা এন্ট্রি সফটওয়ার ও পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীসহ প্রয়োজনীয় তথ্যাদি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইটে (**www.nubd.info/degree-pass**) পাওয়া যাবে। উক্ত ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির নির্ধারিত সময়ের পর তা স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে বিধায় যথাসময়ে পরীক্ষার্থী ও কলেজ কর্তৃপক্ষকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

২। **শিক্ষার্থীর ডাটা এন্ট্রি, নিশ্চয়ন, বিবরণী ফরম, প্রশ্নপত্রের চাহিদা ফরম পূরণ ও জমা করার তারিখ ঃ**

ক) পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পূরণের আবেদন করার তারিখ ঃ ১১/০৯/২০২২ হতে ১১/১০/২০২২ পর্যন্ত
খ) শিক্ষার্থী কর্তৃক প্রিন্টকৃত ফরম কলেজে জমা দেয়ার শেষ তারিখ ঃ ১৩/১০/২০২২
গ) শিক্ষার্থীর ডাটা নিশ্চয়ন করার তারিখ (কলেজ কর্তৃক) ঃ ১৬/১০/২০২২ হতে ১৮/১০/২০২২ (বিকাল ৪:০০টা) পর্যন্ত
ঘ) সোনালী সেবার মাধ্যমে টাকা জমার তারিখ (কলেজ কর্তৃক) ঃ ২৩/১০/২০২২ হতে ২৪/১০/২০২২ পর্যন্ত
ঙ) Pay Slip, ফিস বিবরণী, শিক্ষার্থী বিবরণী ও অন্যান্য কাগজপত্র সংরক্ষণ সংক্রান্ত নির্দেশনা ঃ পরবর্তী ১ম বর্ষ পরীক্ষা পর্যন্ত কলেজে সংরক্ষণ করতে হবে।

৩। **২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার নির্ধারিত ফি (প্রতি পরীক্ষার্থী) ঃ**

ক) ১ম বর্ষ (৭০০ নম্বর) – নিয়মিত/প্রাইভেট ঃ ৮০০/- (৭০০/- ফি + ১০০/- ইন-কোর্স ফি)
খ) সার্টিফিকেট কোর্স ঃ ৩০০/- (২০০/- ফি + ১০০/- ইন-কোর্স ফি)
গ) কেন্দ্র ফি ঃ ৪৫০/-
ঘ) মানোন্নয়ন ফি/অনিয়মিত ঃ ৩০০/- + প্রতিপত্রে ১০০/- হারে + ১০০/- ইনকোর্স ফি (পূর্বে না দিয়ে থাকলে)

(প্রতি বর্ষে ভর্তির সময় ২০০/- টাকা হারে ইন-কোর্স (নিয়মিত, প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স) ফি সংশ্লিষ্ট কলেজ গ্রহণ করে ইন-কোর্স পরীক্ষা সম্পন্ন করবে)

৪। **পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ**

ক) **ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা (৭০০ নম্বর) নিয়মিতঃ**

i) ২০২০-২১ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০২১ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

খ) **ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা (অনিয়মিত)ঃ**

i) ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৬, ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৬, ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহন করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য (**Not Promoted**) হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) ২০১৫-১৬, ২০১৬-১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৬, ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহন করে এক বা একাধিক কোর্সে F গ্রেড পেয়ে ২য় বর্ষে উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

iii) ২০১৫-১৬, ২০১৬-১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৬, ২০১৭, ২০১৮, ২০১৯ এবং ২০২০ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ (**Promoted- C**) হয়েছে তাদের অনুপস্থিত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক।

iv) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ১ম বর্ষে "স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস" আবশ্যিকসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

v) ১ম বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্চনীয়।

গ) **ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ মানোন্নয়ন পরীক্ষা ঃ**

i) ২০১৫-২০১৬, ২০১৬-১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৬, ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২০ সালের ১ম বর্ষের পরীক্ষায় প্রথম বারের মত অংশগ্রহণ করে যে সমস্ত কোর্সে C ও D গ্রেড পেয়েছে তারা C ও D গ্রেড পাওয়া সর্বোচ্চ দু'টি কোর্সে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে পূর্বে F গ্রেড প্রাপ্ত পত্রে C বা D গ্রেডে উন্নীত হলে ঐ পত্রে মানোন্নয়ন পরীক্ষার কোন সুযোগ নাই।

ঘ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা (২০০ নম্বর) ঃ

i) ২০২১ সালের সার্টিফিকেট কোর্স-এ রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা এ পরীক্ষায় ১ম বর্ষের নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) ২০১৬, ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের সার্টিফিকেট কোর্সের শিক্ষার্থী যারা ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য (**Not Promoted**) হয়েছে তারা ১ম বর্ষের নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

iii) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

CamScanner

৫। অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য) ঃ

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (**www.nubd.info/degree-pass**) এ গিয়ে **Apply to online form Fillup (For Student)**-এ লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে।

খ) প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।

গ) ফিসহ প্রিন্টকৃত আবেদন ফরমে দুইটি অংশ থাকবে। উভয় অংশে অধ্যক্ষ স্বাক্ষর করার পর উপরের অংশ পরীক্ষার্থী সংরক্ষণ করবে এবং নিচের অংশটি আবেদনকারীকে নিজ দায়িত্বে স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে অবশ্যই জমা দিতে হবে।

৬। অনলাইনে পরীক্ষার্থী ডাটা এন্ট্রি (কলেজের জন্য) ঃ

ক) শিক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সরাসরি অনলাইন-এ সঠিক এন্ট্রি করা হয়েছে কি-না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List)-এর সাথে যাচাই পূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nubd.info/degree-pass) এ গিয়ে College Login (For College Authority) এ প্রবেশ করে College Password ব্যবহার করে পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি সঠিক হলে নিশ্চয়ন করতে হবে এবং নিশ্চয়নের সময় ইন-কোর্স নম্বর (incourse mark) entry করতে হবে। ইন-কোর্স নম্বর ছাড়া ডাটা এন্ট্রি নিশ্চয়ন হবে না। এ ভাবে সকল শিক্ষার্থীর ডাটা এন্ট্রি নিশ্চয়ন হওয়ার পর শিক্ষার্থীর বিবরণী প্রিন্ট বের করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

খ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবর্ষ, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট অধ্যক্ষ দায়ী থাকবেন।

গ) শিক্ষার্থীর ডাটা সফটওয়্যারে এন্ট্রি করার সাথে সাথে তার বিবরণী ফরম ও ফি বিবরণী ফরম অটো সিস্টেমে পূরণ হয়ে যাবে। ডাটা Online এ এন্ট্রি ব্যতিত হাতে তৈরী বিবরণী ফরম ও ফি বিবরণী ফরম গ্রহণ করা হবে না।

ঘ) পূরণকৃত আবেদন ফরমের সকল প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর তা কলেজে সীলগালা অবস্থায় (এ সমস্ত কাগজপত্র ফরম পূরণের পর থেকে ফলাফল প্রকাশের পর ছয় মাস পর্যন্ত) সংরক্ষিত থাকবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যে কোন সময় তা যাচাইয়ের জন্য তলব করতে পারবে।

ঙ) এ সংক্রান্ত যে কোন তথ্যের জন্য ০২-৯৯৬৬৮১৫১৭, ০২-৯৯৬৬৮১৫৩৮ (সকাল ৮-৩০মিঃ থেকে ৪-৩০মিঃ পর্যন্ত) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

চ) বিবরণী ফরম পূরণের পর কোন শিক্ষার্থীর নাম বাদ পড়েছে কিনা বা একজনের পরিবর্তে অন্য শিক্ষার্থীর নাম এন্ট্রি হয়েছে কিনা তা ভালভাবে যাচাই করে দেখতে হবে।

৭। ফি জমাদানের নিয়মাবলী ঃ

ক) সংশ্লিষ্ট কলেজ (pms.nu.edu.bd/pms/default.aspx সোনালী সেবার মাধ্যমে College Code entry করে pay slip down Load করবে। Pay Slip এ সংশ্লিষ্ট খাতের হিসাব নম্বর ও উল্লিখিত মোট টাকার অংশের কপি নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে রশিদ গ্রহণ করতে হবে।

খ) নির্ধারিত সময়ের পর Pay Slip ডাউনলোড করা বা টাকা জমা দেওয়া যাবে না।

গ) সোনালী সেবা সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য ০১৭১১-০৮১৬০৭ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

০৮। প্রবেশপত্র সংশোধন ঃ

ক) প্রবেশপত্র কোন ক্রমেই কাটাকাটি বা সংশোধন করা যাবে না। প্রবেশপত্রে যদি কোন ভুল থাকে তবে তা সংশোধনের জন্য আনুষঙ্গিক কাগজপত্র সহ ডিগ্রী পাস শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-এর সাথে যোগাযোগ করতে হবে।

খ) রেজিস্ট্রেশন কার্ডে বর্ণিত বিষয় কোড অনুযায়ী ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

০৯। পরীক্ষা পরিচালনার খরচ ঃ

কেন্দ্র ফি বাবদ প্রাপ্ত অর্থ দ্বারা সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষা পরিচালনার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। জাতীয় বিশ্ববিদ্যালয় হতে সাদা উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য কাগজপত্র গ্রহণ করার প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে নির্বাহ করতে হবে। ব্যবহারিক পরীক্ষার জন্য রাসায়নিক বা অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের জন্য বিশ্ববিদ্যালয় হতে কোন অর্থ প্রদান করা হবে না। প্রতি পরীক্ষার্থীর নিকট হতে কেন্দ্র ফি বাবদ আদায়কৃত ৪৫০/- টাকার মধ্যে ৩০০/- টাকা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যে কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে সে কেন্দ্রের) নিকট পরীক্ষানুষ্ঠানের ০৩ দিন পূর্বেই জমা দিতে হবে। অবশিষ্ট ১৫০/- টাকা দিয়ে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষা সংক্রান্ত ব্যয় নির্বাহ করতে হবে।

১০। রেগুলেশন ঃ

২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩-২০১৪ রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে। পূর্ণাঙ্গ রেগুলেশন বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.ac.bd তে দেয়া আছে।

১১। সিলেবাস (নিম্নে বর্ণিত সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণয়ন করা হবে) ঃ

২০২১ সালের ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষার সকল শিক্ষার্থীকে ২০১৩-১৪ শিক্ষাবর্ষের প্রণীত সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১২। পরীক্ষার সময়সূচি ও কেন্দ্র তালিকা ঃ

পরীক্ষার বিস্তারিত সময়সূচি ও কেন্দ্র তালিকা যথাসময়ে ঘোষণা করা হবে।

১৩। ইন-কোর্স পরীক্ষা গ্রহণ ও নম্বর ফর্দ প্রেরণ ঃ

নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট শিক্ষার্থীরা নিজ নিজ কলেজে উপস্থিত হয়ে ইন-কোর্স পরীক্ষায় ফরম পূরণের পূর্বে অংশগ্রহণ করবে। কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীদের প্রতিটি পত্রের ইনকোর্স/টিউটোরিয়াল নম্বর আবেদন ফরম পূরণের নির্ধারিত সফটওয়্যারের অনলাইনে পরীক্ষার্থীদের রেজিঃ নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর এন্ট্রি করে প্রেরণ করবেন। প্রেরিত নম্বরের প্রিন্ট কপি যাচাই করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হওয়ার পর মূল কপিগুলো বিষয়ওয়ারী আলাদা খামে সীলগালা করে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, ডিগ্রী পাস শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর এ তত্ত্বীয় পরীক্ষা আরম্ভ হওয়ার পূর্বেই হাতে হাতে জমা দিতে হবে এবং ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে।

১৪। ফলাফল ঃ এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

CS CamScanner

১৫। গ্রেডিং সিস্টেম (**Grading System**) ঃ

উত্তরপত্র নম্বরের ভিত্তিতে মূল্যায়ন করা হবে। একজন পরীক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে লেটার গ্রেড (Letter Grade) ও গ্রেড পয়েন্টে (Grade Point) রূপান্তর করা হবে। পরীক্ষার্থীর ফলাফল মূল্যায়নের জন্য নিম্নলিখিত লেটার গ্রেড corresponding গ্রেড পয়েন্ট থাকবে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রদত্ত অভিন্ন গ্রেডিং পদ্ধতি অনুযায়ী গাণিতিক (numerical) নম্বর, লেটার গ্রেড ও গ্রেড পয়েন্ট হবে নিম্নরূপ ঃ

| Numerical Grade | Letter Grade (LG) | Grade Point (GP) |
|---|---|---|
| 80% or above | A+ (Plus) | 4.00 |
| 75% to less than 80% | A (Plain) | 3.75 |
| 70% to less than 75% | A- (Minus) | 3.50 |
| 65% to less than 70% | B+ (Plus) | 3.25 |
| 60% to less than 65% | B (Plain) | 3.00 |
| 55% to less than 60% | B- (Minus) | 2.75 |
| 50% to less than 55% | C+ (Plus) | 2.50 |
| 45% to less than 50% | C (Plain) | 2.25 |
| 40% to less than 45% | D (Plain) | 2.00 |
| <40% (less than 40%) | F (Fail) | 0.00 |

পাশ নম্বর

| | |
|---|---|
| কোর্সের নম্বর | ১০০ (৪ ক্রেডিট) (৮০ নম্বর লিখিত পরীক্ষা এবং ২০ নম্বর ইনকোর্স) |
| সর্বনিম্ন পাস নম্বর | ৪০ |
| সর্বনিম্ন গণনাযোগ্য ক্রেডিট | D |

* ১ম বর্ষ থেকে ২য় বর্ষে উত্তীর্ণ হওয়ার জন্য ০৭টি পত্র মধ্যে কমপক্ষে ০৩টি পত্রে D গ্রেড বা তার চেয়ে বেশী গ্রেড পেতে হবে।
* সকল পত্রের পরীক্ষায় উপস্থিত থাকতে হবে।
* লিখিত ও ইন-কোর্স পরীক্ষার নম্বর যোগ করে ফলাফল নির্ধারণ করা হবে। পূর্ণাঙ্গ রেগুলেশন বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **www.nu.ac.bd** এ দেওয়া আছে।

কলেজ অধিভুক্তি/অধিভুক্তি নবায়নের পত্র (২০১৯-২০২০ শিক্ষাবর্ষ), প্রশ্নপত্রের চাহিদাপত্র, এবং সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির সদস্যদের নাম, পদবী, বিষয় ও মোবাইল নম্বর সম্বলিত তালিকা বিশ্ববিদ্যালয়ে (মু. সাইফুল ইসলাম নিশাত, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, ডিগ্রী পাস শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর) কুরিয়ারের মাধ্যমে প্রেরণ করতে হবে।

পরীক্ষার্থীর বিবরণী, ফি বিবরণী, Pay Slip আবেদনপত্রসহ অন্যান্য কাগজপত্রাদি পরবর্তী সংশ্লিষ্ট পরীক্ষা পর্যন্ত কলেজে সংরক্ষণ করতে হবে।

**বি.দ্র. উক্ত পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য শুধুমাত্র বিশ্ববিদ্যালয় ওয়েব-সাইট www.nu.ac.bd / www.nubd.info মারফত জানানো হবে। সংশ্লিষ্ট কলেজ ও কেন্দ্রের অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তাকে এ ওয়েব-সাইট থেকে তথ্য সংগ্রহ করে নোটিশ বোর্ডে প্রকাশ করতে হবে এবং সংশ্লিষ্ট ছাত্রছাত্রী/অভিভাবককে অবহিত করতে হবে।**

(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
ফোন : ০২-৯৯৬৬৯১৫১৭ (অফিস)
ই-মেইল ঃ controller@nu.edu.bd

স্মারক নং ০৫(৫২৮) জাতীঃ বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২১/৪৬৩৩

তারিখ : ০৭/০৯/২০২২

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো ঃ

১। ডীন, স্নাতক পূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। পরিচালক (অর্থ ও হিসাব), জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। পরিচালক, তথ্য ও সেবা দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। পরিচালক, জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, ডিগ্রী (পাস) পাঠদানকারী সংশ্লিষ্ট কলেজসমূহ
৭। অফিস কপি।

৭/৯/২২

(মু. সাইফুল ইসলাম নিশাত)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
মোবাঃ ০১৭০৫-১২২০০৮ (শুধু অধ্যক্ষ)
ফোন : ০২-৯৯৬৬৯১৫৩৮ (অফিস)
ই-মেইল ঃ nudegreepassexam@gmail.com

CS CamScanner